



নং- ২৫.৪০.০০০০.০০০.০০১.০০.০৬১৭.২৩. ৫৪০

তারিখ: ১৯ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
০৪ ডিসেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

অফিস আদেশ


মন্ত্রিপরিষদ বিভাগের গত ০৬/১১/২০২৫ খ্রি: তারিখের ০৪.০০.০০০০.৮৩৩.৩৩.০০২.২০.১০০ নং প্রজ্ঞাপন অনুযায়ী নাগরিককেন্দ্রিক, স্বচ্ছ, জবাবদিহিমূলক, কাগজবিহীন, উপাত্তনির্ভর, আন্তঃসংযুক্ত, আন্তঃচালিত এবং সমন্বিত সরকার ব্যবস্থা নিশ্চিতকরণে রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের “ইনোভেশন টিম” নিম্নরূপভাবে পুন:গঠন করা হলো।

ইনোভেশন টিম

ক্রমিক নং	কর্মকর্তার পদবী	কমিটিতে অবস্থান
০১	প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ	ইনোভেশন অফিসার
০২	অথরাইজড অফিসার, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ	সদস্য
০৩	এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ	সদস্য
০৪	নগর পরিকল্পক, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ	সদস্য
০৫	এস্টেট অফিসার, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ	সদস্য
০৬	জনাব মোঃ কামরুজ্জামান, উপ-সহকারী প্রকৌশলী	সদস্য

কমিটির কার্যপরিধি:

- এ কার্যালয়ে সেবা প্রদান প্রক্রিয়া এবং কাজের অভ্যন্তরীণ প্রক্রিয়া এবং ডাটা-ভিত্তিক সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়ায় গুণগত পরিবর্তন আনয়ন;
 - এই সংক্রান্ত কার্যক্রমের বাৎসরিক কর্মপরিকল্পনা প্রণয়ন এবং বৎসরের শুরুতে মাসিক সমন্বয় সভার অনুমোদন গ্রহণ ও বাস্তবায়ন;
 - ত্রৈমাসিক ভিত্তিতে টিমের সভা অনুষ্ঠান, কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিতকরণ;
 - মন্ত্রণালয় ও বিভিন্ন পর্যায়ে গঠিত সংশ্লিষ্ট অন্যান্য ইনোভেশন টিমের সাথে যোগাযোগ ও সমন্বয় সাধন;
 - প্রতি ৩১ জুলাইয়ের মধ্যে পূর্ববর্তী বৎসরের একটি পূর্ণাঙ্গ বাৎসরিক প্রতিবেদন প্রণয়ন, উহা গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে প্রেরণ এবং এ কর্তৃপক্ষের ওয়েবসাইটে প্রকাশকরণ;
 - পরিবর্তনের রূপকার হিসাবে (নিজ কার্যালয়ে) সেবা প্রদান, অভ্যন্তরীণ কর্মপ্রক্রিয়া এবং ডাটা ভিত্তিক সিদ্ধান্তগ্রহণ প্রক্রিয়ায় গুণগত পরিবর্তন আনয়নের লক্ষ্যে সৃজনশীল চর্চার সংস্কৃতি ও ক্ষেত্র গড়ে তোলা এবং প্রয়োজনীয় প্রশিক্ষণের মাধ্যমে টিমের সদস্যদের কর্মস্পৃহার বিকাশ সাধন;
 - ডিজিটাইজেশনযোগ্য সরকারি সেবা অনলাইন মাধ্যমে গ্রাহকের ব্যক্তিগত যোগাযোগ ব্যতীত প্রক্রিয়াকরণের মাধ্যমে জনদুর্ভোগ হ্রাসের উদ্যোগ গ্রহণ;
 - নাগরিকসেবা সহজীকরণ (Service Process Simplification)- এর জন্য বিদ্যমান ব্যবস্থার সংস্কার;
 - মন্ত্রিপরিষদ বিভাগের গত ০৬/১১/২০২৫ খ্রি: তারিখের ০৪.০০.০০০০.৮৩৩.৩৩.০০২.২০.১০০ নং প্রজ্ঞাপনে উল্লিখিত ইনোভেশন টিমের কার্যপরিধির অন্যান্য দায়িত্বসমূহ পালন।
- ০২। এ আদেশ জারীর তারিখ হতে কার্যকর হবে এবং এ সংশ্লিষ্ট পূর্ববর্তী সকল আদেশ বাতিল বলে গণ্য হবে।


(এস. এম. তুহিনুর আলম)
চেয়ারম্যান
রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

- সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ।
- এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট/ অথরাইজড অফিসার/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী/ নগর পরিকল্পক/ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা/ এস্টেট অফিসার/ প্রশাসনিক কর্মকর্তা, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ।
- অফিস কপি।